

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প পরিচালকের কার্যালয়
সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক
ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে সম্বলিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প
প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং- ৩৩.০১.০০০০.৮৩৩.০৬.০০৮.২৬-১০৫৩

তারিখঃ ২৯/০৪/২০২৬ খ্রিঃ

বিষয়: “সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর আর্থ-সামাজিক ও জীবনমান উন্নয়নের লক্ষ্যে সম্বলিত প্রাণিসম্পদ উন্নয়ন” শীর্ষক প্রকল্পের ৩য় সংশোধনীতে অন্তর্ভুক্তি লক্ষ্যে প্রকল্পভুক্ত জেলার উপজেলা সমূহের অনুদানের আওতা হতে বাদ পড়া/অবশিষ্ট নৃ-গোষ্ঠী পরিবারের সংখ্যা প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এর স্মারক নং- ৩৩.০০.০০০০.০০০.১৩৮.১৪.০০০৬.২২.৩৪, তারিখ: ২৬/০৪/২০২৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, বর্তমান সরকারের নির্বাচনী ইশতেহার ২০২৬ অনুসারে বৈষম্যহীন আর্থ-সামাজিক উন্নয়ন এবং টেকসই রাষ্ট্রীয় সক্ষমতা অর্জনে দারিদ্র্য-পীড়িত ও পশ্চাৎপদ অঞ্চলে কর্মসংস্থান সৃষ্টি ও পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদানের বিষয়ে বর্তমান সরকার অঙ্গীকারাবদ্ধ। এরই ধারাবাহিকতায় গত ২২/০৪/২০২৬ খ্রিঃ তারিখে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত প্রকল্প স্টিয়ারিং কমিটির সভায় প্রকল্প এলাকা অপরিবর্তিত রেখে প্রকল্পটির মেয়াদ বৃদ্ধিসহ ৩য় সংশোধিত ডিপিপি (DPP) প্রণয়নের মাধ্যমে অনুদানের আওতা হতে বাদ পড়া পরিবারগুলোকে প্রকল্পভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

এমতাবস্থায়, সংযুক্ত ছক মোতাবেক আপনার আওতাধীন উপজেলাসমূহের ছক মোতাবেক তথ্য আগামী ০৩/০৫/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে প্রকল্প দপ্তরের ইমেইল: pddt1p@gmail.com - এ প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো।

ছকপত্র(নমুনা)

ক্রমিক নং	উপজেলার নাম	প্রকল্পের আওতায় অনুদান প্রাপ্ত সূফলভোগী পরিবারের সংখ্যা	প্রকল্পের আওতায় অনুদান হতে বাদপড়া/অবশিষ্ট নৃ- গোষ্ঠী পরিবারের সংখ্যা	নৃ-গোষ্ঠী, সম্প্রদায়ের নাম উল্লেখ করুন	মন্তব্য
১					
২					
৩					
৪					
৫					

“বিষয়টি অতীব জরুরী”।

বিতরণঃ

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাঃ

গাজীপুর/ময়মনসিংহ/নেত্রকোণা/টাঙ্গাইল/শেরপুর/জামালপুর/মৌলভীবাজার/হবিগঞ্জ/সিলেট /
সুনামগঞ্জ/রংপুর/ঠাকুরগাঁও/ গাইবান্ধা /দিনাজপুর/ সিরাজগঞ্জ/নাটোর/পাবনা/বগুড়া/জয়পুরহাট/নওগাঁ/
চাঁপাইনবাবগঞ্জ /রাজশাহী/ বরগুনা/চট্টগ্রাম/পটুয়াখালী/চাঁদপুর/কক্সবাজার/সাতক্ষীরা/খুলনা।

(ড. অসীম কুমার দাস)

প্রকল্প পরিচালক

সমতল ভূমিতে বসবাসরত অনগ্রসর ক্ষুদ্র নৃ-গোষ্ঠির আর্থ-সামাজিক ও
জীবনমান উন্নয়নের লক্ষ্যে সম্বলিত প্রাণিসম্পদ উন্নয়ন প্রকল্প,
প্রাণিসম্পদ অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইহা সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ২। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৩-৪। পরিচালক: প্রশাসন/সম্প্রসারণ, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
- ৫-১২। পরিচালক: বিভাগীয় প্রাণিসম্পদ অধিদপ্তর: ঢাকা/চট্টগ্রাম/রংপুর/রাজশাহী/ময়মনসিংহ/বরিশাল/খুলনা ও সিলেট।
- ১৩। অফিস কপি।